

গণিত বিভাগের ফল উৎসব-২০১৮ অনুষ্ঠিত



১৮ জুলাই-২০১৯, বৃধবার, বেলা:২টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের উদ্যোগে ফল উৎসব ২০১৮ এর অনুষ্ঠান বিভাগীয় চেয়ারম্যানের কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া। এসময় বিজ্ঞান অনুষ্দের ডিন অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ সহ বিভাগীয় শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। ফল উৎসবের মধ্যে ছিল প্রধানত: আম, কাঁঠাল, আমড়া, জামরুল, লটকন, পেয়ারা, কলা, কাঠলিচু, বেদানা, আপেল, নাশপাতি, আঙ্গুর, ডেওয়া, আমলকি, কামরাঙ্গা, গাব, জাম্বুরা, আনারস ইত্যাদি।